কারিগরি শিক্ষা অধিদপ্তর
মহাপরিচালকের দপ্তর

| পরিচালক | |
|---|---|
| প্রশাসন | |
| ভোকেশনাল | ✓ |
| পরিঃ ও উন্নঃ | |
| পি,আই,ইউ | |
| পি,আই,ডব্লিউ | |
| | |
| মহাপরিচালক | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP)
প্রবাসী কল্যাণ ভবন (১৬ তলা)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.seip-fd.gov.bd

নং- SEIP/বিবিধ/58(Part-2)/2014-2015/866 তারিখঃ ৩০ মে ২০১৮খ্রিঃ

বিষয়ঃ Trainee Management System (TMS)-এ Data Entry ও Milestone Claim সংক্রান্ত নির্দেশনা।

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP) শীর্ষক প্রকল্পের আওতায় সকল প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এখন হতে Trainee Management System (TMS)-এ Data Entry ও Milestone Claim সংক্রান্ত নিম্নেবর্ণিত নির্দেশনা অনুসারে (ক) Enrollment (খ) মূল্যায়ন ও সনদায়ন (গ) Job Placement এবং (ঘ) Milestone Claim সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করতে হবে:

(ক) Enrollment সংক্রান্ত নির্দেশনা:

(১) যে সকল প্রশিক্ষণ কোর্সের সময়কাল দেড় মাস বা এর চেয়ে কম, সে সকল কোর্স আরম্ভ হওয়ার ১০ (দশ) দিনের মধ্যে enrollment সংক্রান্ত তথ্যাদি TMS-এ Upload করতে হবে;

(২) যে সকল প্রশিক্ষণ কোর্সের সময়কাল দেড় মাস বা এর অধিক, সে সকল কোর্স আরম্ভ হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে enrollment সংক্রান্ত তথ্যাদি TMS-এ Upload করতে হবে;

(৩) যে সকল প্রশিক্ষণ কোর্স ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখের অব্যবহিত পূর্বে বা সমসাময়িক সময়ে শুরু হয়েছে সে সকল প্রশিক্ষণ কোর্সের ২০ বছরের উর্ধ্বে প্রশিক্ষণার্থীদের ক্ষেত্রে NID-এর পরিবর্তে BCN ব্যবহার করা যেতে পারে। তবে এক্ষেত্রে কেস-বাই-কেস ভিত্তিতে SEIP অফিসে প্রশিক্ষণার্থীদের তথ্য প্রেরণ করা হলে SEIP অফিস তা যাচাই অন্তে ডাটাবেজের Back-end-এ প্রশিক্ষণার্থীদের enrollment data upload করার ব্যবস্থা গ্রহণ করবে।

| ভোকেশনাল শাখা | |
|---|---|
| সহঃ পরিঃ (ডিডিও) | |
| সহঃ পরিঃ (ভোক) | |
| সহঃ পরিঃ এমপিও (বিএম) | |
| সহঃ পরিঃ এমপিও (ভোক) | |
| আইন কর্মকর্তা | |
| একাউন্টেন্ট | |
| স্টোর কিপার | |
| পি.এ | |

(খ) মূল্যায়ন ও সনদায়ন (Assessment & Certification) সংক্রান্ত নির্দেশনা:

(১) প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার পূর্বে এমনভাবে প্রশিক্ষণ পরিকল্পনা (Training Plan) প্রণয়ন করতে হবে যাতে নির্দিষ্ট প্রশিক্ষণ মেয়াদের (Training Duration) মধ্যে Competency Standards অনুযায়ী প্রশিক্ষণ, মূল্যায়ন ও সনদায়ন কার্যক্রম সম্পন্ন করা যায়;

(২) প্রশিক্ষণ পরিকল্পনা অনুসারে প্রশিক্ষণ মেয়াদের শেষ ১০ দিনের মধ্যে মূল্যায়ন কার্যক্রম ও সনদায়ন সম্পন্ন করে পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে এ সংক্রান্ত তথ্যাদি TMS-এ সন্নিবেশ করতে হবে;

(৩) কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান শেষ ১০ দিনের মধ্যে উপরোক্ত কার্যক্রম (মূল্যায়ন ও সনদায়ন) বিশেষ যৌক্তিক কারণে সম্পন্ন করতে না পারলে SDCMU এর পূর্বানুমোদন সাপেক্ষে প্রশিক্ষণ শেষ হবার ০৭ দিনের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে এবং মূল্যায়ন সংক্রান্ত তথ্যাবলী উক্ত ৭ (সাত) দিনের মধ্যে TMS-এ সন্নিবেশিত (Upload) করার ব্যবস্থা করবে;

(৪) ~~প্রশিক্ষণ মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য মূল্যায়নকারীকে অবশ্যই BTEB অথবা Project~~ Standing Committee'র সভাপতি কর্তৃক ইস্যুকৃত সনদপ্রাপ্ত হতে হবে।

(৫) PTIs ও IAs-এর অধীনস্থ সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষণার্থীদের তথ্যাদি TMS-এ Upload করার ক্ষেত্রে ৭৯.৫% বা তদুর্ধ্ব উপস্থিতিকে ৮০% হিসেবে গণ্য করা যাবে;

(গ) Job Placement সংক্রান্ত নির্দেশনা:

(১) প্রশিক্ষণ কার্যক্রম শেষ হওয়ার পর প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন (assessment) সম্পন্ন হওয়ার অব্যবহিত পরের দিন থেকে চাকুরী প্রাপ্তির তথ্যাদি TMS-এ Upload করা যাবে;

(২) একজন প্রশিক্ষণার্থী চাকুরী পাওয়ার ৭ দিনের মধ্যে অবশ্যই তার Job Placement সংক্রান্ত তথ্য TMS-এ upload করতে হবে;

(৩) Job Placement Data সংরক্ষণের ক্ষেত্রে PTIs বা IAs নিম্নোক্ত প্রমাণাদি সংরক্ষণ করবে:
(ক) Appointment Letter অথবা
(খ) Employers Certificate অথবা
(গ) Self Declaration Certificate (আত্ম-কর্মসংস্থানের ক্ষেত্রে) অথবা
(ঘ) Statement of Engagement by employer for a group of employees অথবা
(ঙ) অন্য যে কোন বাস্তব প্রমাণ।

অপর পাতা দ্রষ্টব্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
www.techedu.gov.bd
এফ-৪/বি, আগারগাঁও , শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৪৫.০০১.১৮.৭২৮ তারিখ: ৬ আষাঢ় ১৪২৫ / ২০ জুন ২০১৮

স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP) এর স্মারক নং-SEIP/বিবিধ/58(Part-2)/2014-2015/866 তারিখ: ৩০ মে, ২০১৮ খ্রিঃ মোতাবেক Trainee Management System (TMS)-এ Data Entry ও Milestone Claim সংক্রান্ত নির্দেশনা পত্রটি পৃষ্ঠাংকণ করা হলো।

স্বাক্ষরিত/-
২১-৬-২০১৮
ড. মো: নুরুল ইসলাম
পরিচালক

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৪৫.০০১.১৮.৭২৮/১ তারিখ: ৬ আষাঢ় ১৪২৫ / ২০ জুন ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) পরিচালক, প্রশাসন অনুবিভাগ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২) অধ্যক্ষ, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী।
৩) অধ্যক্ষ, মানিকগঞ্জ/নরসিংদী/শেরপুর/ঝালকাঠী/বরিশাল/পঞ্চগড়/রংপুর/হবিগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ।
৪) সহকারী পরিচালক , শাখা-০৭ (ভোকেশনাল ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল , কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬) ব্যক্তিগত সহকারী , মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭) সংরক্ষণ নথি।

২১-৬-২০১৮
মোহাম্মদ সাজজাদ মুফতী
সহকারী পরিচালক